বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
প্রশাসন বিভাগ, সদর দপ্তর
www.caab.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

**স্মারক নম্বর:** ৩০.৩১.০০০০.০০০.২০১.০৬.০০১৬.২৪.১২৯

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক জেলাভিত্তিক মোট দেশজ উৎপাদ (DGDP) প্রস্তুতে তথ্য সরবরাহ প্রসঙ্গে**

সূত্র: বিবিএস এর স্মারক নং-৫২.০১.০০০০.৭১৬.০৭.০২৮.২৫.০৭০, তারিখ: ২৫ জানুয়ারি ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা হতে প্রাপ্ত পত্র এসাথে সংযুক্ত করা হলো (কপি সংযুক্ত)। বর্ণিত পত্রের মর্মানুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক জেলাভিত্তিক মোট দেশজ উৎপাদ (DGDP) প্রস্তুতে তথ্যসমূহ সরবরাহ করার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

**সংযুক্তি:** বর্ণনা মোতাবেক।

০৯-০২-২০২৬
মোঃ তিরান হোসেন
সহকারী পরিচালক (প্রশাসন)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (সকল), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।।
২। নির্বাহী পরিচালক(সেমসু), নির্বাহী পরিচালক (সেমসু) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৩। নির্বাহী পরিচালক (হশাআবি), নির্বাহী পরিচালক (হশাআবি) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৪। প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), প্রধান প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৫। পরিচালক (সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।।
৭। পরিচালক (শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম/ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট/কক্সবাজার আন্তর্জাতিক বিমানবন্দর, কক্সবাজার)।
৮। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, ইনফরমেশন টেকনোলজি (আইটি) বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল).................... সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
১০। উপ-পরিচালক/সমমান (সকল)..........................................সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
১১। বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)......................।
১২। সহকারী পরিচালক (এমটি) (অতিরিক্ত দায়িত্ব), অটোমোবাইল অপারেশন এন্ড রিপেয়ার ইউনিট, প্রশাসন বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
১৩। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
১৪। অফিস কপি।

পরিচালক (প্রশাসন) এর দপ্তর
ডাইরী নং ৮৬৭৭
প্রেরণের তারিখ ০২/০২/২৬
সময়
পৃষ্ঠা সংখ্যা

DD(A)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
QGDP এবং DGDP উন্নয়ন প্রকল্প
পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা।
www.bbs.gov.bd

চেয়ারম্যান
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ঢাকা, বাংলাদেশ।

স্মারক নং: ৫২.০১.০০০০.৭১৬.০৭.০২৮.২৫. ০৭০

তারিখ: ১১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক জেলাভিত্তিক মোট দেশজ উৎপাদ (DGDP) প্রস্তুতে তথ্য সরবরাহ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, জাতীয় পরিসংখ্যান সংস্থা (National Statistical Organization) হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) নিয়মিতভাবে বিভিন্ন অর্থনৈতিক, সামাজিক, জনমিতিক এবং পরিবেশগত পরিসংখ্যানিক তথ্য সংগ্রহ, সংকলন এবং প্রকাশ করে আসছে। উপরন্তু, বিবিএস দেশটির স্বাধীনতাত্তোর কাল থেকে বছরভিত্তিক স্থুল দেশজ উৎপাদ (GDP) এবং অন্যান্য অর্থনৈতিক সূচকসমূহের বার্ষিক প্রাক্কলনও প্রকাশ করে থাকে। সম্প্রতি, বিবিএস অংশীজনের চাহিদা পূরণের লক্ষ্যে নিয়মিতভাবে ত্রৈমাসিক ভিত্তিতে দেশের স্থুল দেশজ উৎপাদ (QGDP) সংশ্লিষ্ট তথ্যসমূহ সংকলন ও প্রকাশ করছে। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের পরিকল্পনাবিদ, গবেষক এবং নীতি-নির্ধারক কর্তৃক বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিকল্পনা প্রণয়নে ও সিদ্ধান্ত গ্রহণে এ সকল পরিসংখ্যান ব্যবহৃত হয়ে থাকে।

২। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ১৯৭২ সাল থেকে নিয়মিতভাবে জাতীয় পর্যায়ে বার্ষিক স্থুল দেশজ উৎপাদ (GDP) সংক্রান্ত তথ্য সংকলন ও প্রকাশ করে আসছে। নিয়মিতভাবে দেশের স্থুল দেশজ উৎপাদ প্রাক্কলন করা হলেও, জেলাভিত্তিক স্থুল দেশজ উৎপাদ (DGDP) প্রাক্কলনের কোন উদ্যোগ এ যাবৎকাল গ্রহণ করা হয়নি। জেলা স্তরে জিডিপি সংশ্লিষ্ট তথ্য না থাকায়, জেলা সমূহের মধ্যে বিদ্যমান অর্থনৈতিক বৈষম্য মূল্যায়ন করা সম্ভব হয় না এবং এর ফলে, জেলাভিত্তিক অর্থনৈতিক কর্মক্ষমতার তারতম্য বোঝা কঠিন হয়ে পড়ে। তাছাড়া, জেলা পর্যায়ে জিডিপি তথ্যের অনুপস্থিতি জেলার অর্থনৈতিক অবস্থার মূল্যায়নকেও বাধাগ্রস্ত করে, যা আঞ্চলিক পরিকল্পনা সংশ্লিষ্ট উন্নয়ন কৌশল, দারিদ্র হ্রাস এবং অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি বৃদ্ধির লক্ষ্যে নীতি প্রণয়নের বিষয়টিকে প্রভাবিত করে। এই ধারাবাহিক উন্নয়নের অংশ হিসেবে বিবিএস বর্তমানে টপ-ডাউন (Top-Down) পদ্ধতি অনুসরণ করে **প্রথমবারের মত** বাংলাদেশের ৬৪টি জেলার (প্রশাসনিক একক) জেলাভিত্তিক জিডিপি (DGDP) সংকলনের উদ্যোগ গ্রহণ করেছে। জেলাভিত্তিক জিডিপি নির্দিষ্ট জেলার অর্থনৈতিক অবস্থার একটি সুস্পষ্ট চিত্র তুলে ধরতে সক্ষম। ফলে, এই তথ্যের মাধ্যমে কোন জেলার অর্থনৈতিক আকার কতটা বৃদ্ধি পাচ্ছে অথবা স্থবির হয়ে যাচ্ছে কিনা, সে সম্পর্কে ধারণা পাওয়া যাবে বিধায় নীতি নির্ধারকগণ জেলা পর্যায়ে অর্থনৈতিক নীতি-কৌশল প্রণয়নে এবং যথাযথ সিদ্ধান্ত গ্রহণে জেলাভিত্তিক জিডিপির তথ্য ব্যবহার করতে পারবেন। বর্ণিত প্রেক্ষাপটে, বিবিএস প্রথমবারের মতো নিয়মিতভাবে জেলাভিত্তিক জিডিপি প্রাক্কলনের উদ্যোগ গ্রহণ করেছে।

০৩। জেলার বিভিন্ন অর্থনৈতিক সূচক-কে ভিত্তি করে, জেলা স্তরের জিডিপি প্রাক্কলন করা হবে এবং এ সকল অর্থনৈতিক সূচক প্রস্তুতির জন্য বিভিন্ন অর্থনৈতিক খাত/ উপ-খাতের বিস্তৃত এবং সাম্প্রতিক তথ্যের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। তথ্য প্রাপ্তির বিষয়ে আপনার সার্বিক সহযোগিতা, জেলাভিত্তিক অর্থনৈতিক বিশ্লেষণের নির্ভুলতা নিশ্চিত করার পাশাপাশি নির্ধারণ ও কৌশলগত পরিকল্পনা প্রণয়নের বিষয়ে যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমরা আশা করি। এলক্ষ্যে আগামী ২৬ জানুয়ারি হতে জেলাভিত্তিক জিডিপি প্রাক্কলনের জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ থেকে তথ্য সংগ্রহ শুরু হতে যাচ্ছে।

০৪। এমতাবস্থায়, জেলাভিত্তিক স্থুল দেশজ উৎপাদ (**DGDP**) সংকলনের জন্য তথ্যসমূহ সরবরাহ করার জন্য আপনার আওতাধীন প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহকে বিষয়টি নিশ্চিতকরণে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জ্ঞাপন করছি।

ধন্যবাদান্তে
২৫/০১/২০২৬
মোহাম্মদ ওবায়দুল ইসলাম
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
☏: ৫৫০০৭০৫৬
✉: dg@bbs.gov.bd

প্রাপক: চেয়ারম্যান
সিভিল এভিয়েশন অথরিটি অব বাংলাদেশ

সদস্য (প্রশাসন) এর দপ্তর
ডাইরী নং ও তারিখ: ২৩০৭, ০২/০২/২৬
পরিচালক (প্রশাসন)
পরিচালক (মানব সম্পদ)
পরিচালক (সম্পত্তি ব্যব)
পিএ